

## রাবির অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তি শুরু

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের স্নাতক (সম্মান) শ্রেণীতে ১ম বর্ষে 'ই', 'জি' ও 'এইচ' ইউনিটে দ্বিতীয় মেধা তালিকা থেকে রোববার ভর্তি শুরু হয়েছে। এসব ইউনিটে দ্বিতীয় মেধা তালিকায় স্থান পাওয়া ভর্তিচ্ছু শিক্ষার্থীদের আগামী ২৩ ডিসেম্বর দুপুর ১২টার মধ্যে অনুষদ অফিসে গিয়ে ভর্তি কার্যক্রম সম্পর্কে নির্দেশ দেয়া হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি সম্পন্ন করতে সক্ষম না হলে তাদের প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। এ বছর সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'ই' ইউনিটের ১১টি বিভাগে মোট ৭৯৮ জন, কৃষি অনুষদভুক্ত 'জি' ইউনিটে চারটি বিভাগে ২১২ জন ও বিজ্ঞান অনুষদভুক্ত 'এইচ' ইউনিটে ছয়টি বিভাগে মোট ২৭২ জন শিক্ষার্থী ভর্তি করানো হবে।

শিক্ষার্থীর মেধাক্রম অনুযায়ী প্রাপ্ত সর্বশেষ বিষয় সংবলিত নোটিশ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে দেয়া হয়েছে।

এছাড়া ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট <http://admission.ru.ac.bd/> ও [www.ru.ac.bd/](http://www.ru.ac.bd/)-তে প্রকাশ করা হবে।